

ভোরের ডাক

বুধবার • ২১ এপ্রিল ২০২১ • ৮ বৈশাখ ১৪২৮ • ৮ রমজান ১৪৪২

সিমাগো ইনস্টিটিউট র্যাংকিংয়ে বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয় দেশসেরা

স্টাফ রিপোর্টার : দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থান- এ তিন সূচকে গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) দেশ সেরা (প্রথম স্থান) অর্জন করেছে। বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউট র্যাংকিং ২০২১ প্রতিবেদনে গত সেমবার এ তথ্য প্রকাশ করা হয় বলে গতকাল মঙ্গলবার বশেমুরকৃবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এতথ্য জানানো হয়। প্রতিবেদনে আরও বলা হয়, বিশ্বের বিভিন্ন দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-স্কোপাস জরিপে এ তথ্য উঠে এসেছে। ওই জরিপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বশেমুরকৃবি সারাবিশ্বে ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬তম এবং বাংলাদেশে প্রথম স্থান লাভ করেছে। অন্যদিকে জীব রসায়ন, জেনেটিক্স ও মলিকুলার বায়োলজি শাখায় বশেমুরকৃবি সারাবিশ্বে ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭তম এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে।

প্রসঙ্গত, একই ইনডেক্স জরিপে বশেমুরকৃবি গত ২০১৯ এবং ২০২০ সালে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে যথাক্রমে চতুর্থ ও দ্বিতীয় স্থান লাভ করেছিল। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, আন্তর্জাতিকমানের গবেষণা এবং এ স্বীকৃতি অর্জনের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমে নিরলস প্রচেষ্টার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া সকল শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানিয়েছেন। একই সাথে কৃষিবান্ধব সরকার বিশেষ করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা; শিক্ষা মন্ত্রণালয়; বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং অন্যান্য সকলের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।